ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া-৭০০৩, বাংলাদেশ।

B-ইউনিট
১ম বর্ষ বি.এস-সি. (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯

B-ইউনিটের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ এবং ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এস-সি. (সম্মান) শ্রেণীতে ভর্তির নিমিত্তে ০৪/১১/২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত B-ইউনিটের ভর্তি পরীক্ষার মেধা ও অপেক্ষমান তালিকা প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য, পূর্নাঙ্গ ফলাফল (মেধা ও অপেক্ষমান তালিকা) সমন্বয়কারীর অফিসের নোটিস বোর্ড এবং www.iubd.info/admission ওয়েবসাইটে পাওয়া যাবে।

শিফ্ট অনুযায়ী আসন সংখ্যা:

শিফ্ট	আসন সংখ্যা
১ম	৩৪৯
২য়	৩৪৮
৩য়	৩৩৮
মোট:	১০৩৫

ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশাবলীঃ

১। মেধা তালিকার (১ম শিফ্ট মেধাক্রম ১ হতে ৩৪৯, ২য় শিফ্ট মেধাক্রম ১ হতে ৩৪৮ এবং ৩য় শিফ্ট মেধাক্রম ১ হতে ৩৩৮) ছাত্র-ছাত্রীদের জন্য:

(ক) আগামী ১৯/১১/২০১৮ থেকে ২৩/১১/২০১৮ তারিখের মধ্যে মেধাক্রমের পাশে বর্নিত Eligible-Subject লিষ্ট হতে পছন্দ মত Subject এর নাম সহ Subject Choice Form পূরন করে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইটে (http://admission.iubd.info/subject-choice) Submit করতে হবে। যদি কোন শিক্ষার্থী উক্ত তারিখের মধ্যে Subject Choice Form Submit করতে ব্যর্থ হয় তাহলে পরবর্তীতে তার কোন আবেদন বিবেচনা করা হবে না। B-ইউনিটের শিক্ষার্থীদের নিকট থেকে প্রাপ্ত Subject Choice Form ও মেধাক্রম অনুযায়ী ইউনিট কমিটি চূড়ান্ত বিভাগ প্রদান করবে ও ২৪/১১/২০১৮ তারিখে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট (http://.iubd.info/admission/) প্রকাশ করবে। ওয়েবসাইটে চূড়ান্ত ভাবে প্রকাশিত তালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীগন ওয়েবসাইটে (http://admission.iubd.info/student-registration) প্রাপ্ত প্রাথমিক ভর্তি ফর্ম পূরন করত প্রিন্ট কপি ও শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র সহ ২৬/১১/২০১৮ তারিখ ১ম শিফ্ট মেধাক্রম ১ হতে ৩৪৯, ২৭/১১/২০১৮ তারিখ ২য় শিফ্ট মেধাক্রম ১ হতে ৩৪৮ এবং ২৮/১১/২০১৮ তারিখ ৩য় শিফ্ট মেধাক্রম ১ হতে ৩৩৮, প্রতিদিন সকাল ৯:৩০ সময় হতে B-ইউনিট সমন্বয়কারীর অফিস কক্ষে সাক্ষাতকারে উপস্থিত হয়ে ভর্তির অনুমতি পত্র সংগ্রহ করতে হবে এবং ভর্তি প্রাথীকে অবশ্যই ০৩/১২/২০১৮ ইং তারিখের মধ্যে ভর্তি হতে হবে। উল্লেখ্য, ০৩/১২/২০১৮ তারিখের পর কোন ক্রমেই মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীগন ভর্তির সুযোগ পাবেনা।

(খ) ২৮/১১/২০১৮ তারিখে পরে উপরোক্ত মেধাক্রমের কোনো পরীক্ষার্থীর সাক্ষাতকার গ্রহন করা হবে না। নির্ধারিত সময়ে অনুপস্থিত মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীগন আর ভর্তির সুযোগ পাবেনা।

(গ) মেধা তালিকার ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা শুধুমাত্র B-ইউনিটভুক্ত বিভাগসমূহের অধীনে বিভাগ পরিবর্তনে আগ্রহী তাদেরকে ০৪/১২/২০১৮ হতে ৫/১২/২০১৮ তারিখের মধ্যে ডীন অফিসের নির্ধারিত আবেদন ফর্ম সংগ্রহ করে B-ইউনিটের সমন্বয়কারীর (ডীন অফিস) অফিসে জমা দিবে। উল্লেখ্য, যে সকল ছাত্র-ছাত্রী বিভাগ পরিবর্তনের সুযোগ পাবে তাদেরকে এস.এম.এস. এর মাধ্যমে জানানো হবে এবং অবশ্যই ১০/১২/২০১৮ তারিখের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

২। অপেক্ষমান তালিকার জন্যঃ

(ক) মেধাতালিকা থেকে ভর্তি সম্পন্ন হওয়ার পর আসন খালি থাকে সাপেক্ষে শূন্য আসনসমূহের জন্য বিজ্ঞপ্তি (নোটিস বোর্ড এবং ওয়েবসাইট http://.iubd.info/admission/) ১২/১২/২০১৮ তারিখ প্রকাশ করে অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তির সুযোগ প্রদান করা হবে। ১৩/১২/২০১৮ হতে ১৫/১২/২০১৮ তারিখের মধ্যে B-ইউনিটের অপেক্ষমাণ তালিকায় উত্তীর্ন ছাত্র-ছাত্রীদের মেধাক্রমের পাশে বর্নিত Eligible-Subject লিষ্ট হতে পছন্দ মত Subject এর নাম সহ Subject Choice Form পূরন করে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইটে (http://admission.iubd.info/subject-choice) Submit করতে হবে। যদি কোন শিক্ষার্থী উক্ত তারিখের মধ্যে Subject Choice Form Submit করতে ব্যর্থ হয় তাহলে পরবর্তীতে তার কোন আবেদন বিবেচনা করা হবে না। B-ইউনিটের শিক্ষার্থীদের নিকট থেকে প্রাপ্ত Subject Choice Form ও মেধাক্রম অনুযায়ী ইউনিট কমিটি চূড়ান্ত বিভাগ ১৭/১২/২০১৮ তারিখে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইটে (http://.iubd.info/admission/) প্রকাশ করা হবে। ওয়েবসাইটে চূড়ান্ত ভাবে প্রকাশিত তালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীগন ওয়েবসাইটে প্রাপ্ত প্রাথমিক ভর্তি ফর্ম পূরন করত প্রিন্ট কপি ও শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র সহ ২২/১২/২০১৮ তারিখে B-ইউনিট সমন্বয়কারীর অফিস কক্ষে সাক্ষাতকারের জন্য উপস্থিত হয়ে ভর্তির অনুমতি পত্র সংগ্রহ করতে হবে এবং ভর্তি প্রার্থীকে অবশ্যই ২৪/১২/২০১৮ তারিখের মধ্যে ভর্তি হতে হবে। উল্লেখ্য, ২৪/১২/২০১৮ তারিখের পর কোন ক্রমেই অপেক্ষমান তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীগন ভর্তির সুযোগ পাবেনা।

(খ) অপেক্ষমান তালিকার ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা শুধুমাত্র B-ইউনিটভুক্ত বিভাগসমূহের অধীনে বিভাগ পরিবর্তনে আগ্রহী তাদেরকে ২৬/১২/২০১৮ হতে ২৯/১২/২০১৮ তারিখের মধ্যে স্বহস্তে লিখিত আবেদন পত্র B-ইউনিটের সমন্বয়কারীর (ডীন অফিস) অফিসে জমা দিবে। আবেদনকারীগন ৩০/১২/২০১৮ তারিখ সকাল ১২.০০ টায় B-ইউনিটের সমন্বয়কারীর (ডীন অফিস) অফিস কক্ষে

সাক্ষাতকারের জন্য উপস্থিত হতে হবে। যে সকল ছাত্র-ছাত্রী বিভাগ পরিবর্তনের সুযোগ পাবে তাদেরকে অবশ্যই ৩১/১২/২০১৮ তারিখের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৩। পুনরায় আসন শুন্য থাকলে বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তীতে জানানো হবে।

৪। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিম্নলিখিত কাগজপত্র সঙ্গে অবশ্যই সঙ্গে আনতে হবে:

(ক) ভর্তি পরীক্ষা কেন্দ্রে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র
(খ) এস.এস.সি. ও এইচ.এস.সি./সমমান পরীক্ষার প্রবেশপত্র এবং রেজিস্ট্রেশন কার্ড
(গ) এস.এস.সি. /সমমান এবং এইচ.এস.সি./সমমান পরীক্ষার মুল সার্টিফিকেট বা প্রশংসাপত্র
(ঘ) এস.এস.সি. /সমমান এবং এইচ.এস.সি./সমমান পরীক্ষার মুল নম্বরপত্র
(ঙ) সদ্য তোলা ০৮(আট) কপি পাস পোর্ট সাইজের ছবি

৫। ভর্তি ফিসমূহ: সেশন ফি ৬০৫০.০০ টাকা, বিভাগ উন্নয়ন (সংশ্লিষ্ট বিভাগ) ফি ন্যূন্যতম ৩০০০.০০ টাকা, সংশ্লিষ্ট হল ফি ৯১৫.০০ টাকা, বাস ভাড়া (বাৎসরিক) ২২২০.০০ টাকা, সংশ্লিষ্ট ডিন অফিস ফি ২৫০.০০ টাকা, প্রয়োজনে বিভাগ পরিবর্তন ফি ৩০০.০০ টাকা।

বিশেষ দ্রষ্টব্যঃ উপরোক্ত বিজ্ঞপ্তি পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষেত্রে ইউনিট কমিটির সিধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

(প্রফেসর ড. মোহা. সাইদুর রহমান)
সমন্বয়কারী B-ইউনিট
১ম বর্ষ ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-৭০০৩।